




ঢাকা বিশ্ববিদ্যালয়
বিজ্ঞপ্তি

মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ডের বৃত্তি, ২০২৩-২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত চতুর্থ শ্রেণির কর্মচারীদের ছেলে/মেয়ে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোনো শ্রেণিতে অধ্যয়নরত আছে তাদেরকে মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড হতে এককালীন বৃত্তি প্রদান করা হবে। এ বৃত্তি মঞ্জুরির জন্য শিক্ষার্থীদেরকে তাদের পূর্ববর্তী পরীক্ষাগুলোর নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি সহ পূর্ণ নাম (বাংলা ও ইংরেজিতে), বিভাগ, অধ্যয়নরত শ্রেণি, শ্রেণি রোল, বর্তমান শিক্ষাবর্ষ, রেজিস্ট্রেশন নম্বর, হলের নাম ও মোবাইল নম্বর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত পিতা-মাতার নাম, পদবী ও চাকুরীরত ঠিকানা দাখিল করতে হবে। শিক্ষার্থীদেরকে তাদের স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধানের মাধ্যমে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবরে সাদা কাগজে লিখিত আবেদনপত্র রেজিস্ট্রারের অফিসের শিক্ষা-৪ শাখায় (কক্ষ নং-২০৭/খ) জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ২০/০২/২০২৫ খ্রিস্টাব্দ

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০


২৫/০২/২০২৫
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৪)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৪/২৫/৪২২৭০ - বি

তারিখঃ ০১/১০/১৪৩১ বঙ্গাব্দ
২৫/০২/২০২৫ খ্রিস্টাব্দ